দৈনিক ইত্তেফাক

৫

তারিখ 14 DEC 1999
পৃষ্ঠা ৮ কলাম ৭

## কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাদের ভাতা

আজকের শিশু আগামীদিনের কর্ণধার। এই শিশুদের গড়ার কারিগর প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ। ইহাদের বাদ দিয়া দেশ গড়ার কথা চিন্তাও করা যায় না। এই কথা সবাই স্বীকারও করেন। কিন্তু কর্মজীবনে কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাবৃন্দকে চরম হতাশায় ভুগিতে হইতেছে। অবিশ্বাস্য হইলেও সত্য যে, অত্র বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাদের মাসিক ভাতা মাত্র ৫০০/-টাকা। বর্তমান বাজারে এই অর্থে পরিবার-পরিজন লইয়া দূরে থাক, একা নিজের গ্রাসাচ্ছাদনের ব্যবস্থা করা সম্ভব কিনা তাহা কর্তৃপক্ষকে ভাবিয়া দেখিতে বলি। 'সবার জন্য শিক্ষা'-এই সামাজিক আন্দোলনকে সফল করার লক্ষ্য নিয়া যখন সরকার কাজ করিতেছেন তখন একজন শিক্ষকের ভাতা ৫০০/-টাকা মাত্র, ইহার চাইতে পরিতাপের বিষয় আর কী হইতে পারে? তাই সদাশয় সরকারের শিক্ষানুরাগী মাননীয় প্রধানমন্ত্রীর নিকট আকুল আবেদন, কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ের এই হতভাগ্য শিক্ষক-শিক্ষিকাদের বাঁচিয়া থাকার মত ভাতা প্রদান করিতে যেন আশু পদক্ষেপ গ্রহণ করেন।

রিংকু রানী ভৌমিক,
প্রধান শিক্ষিকা,
লাউতলী স্বল্পব্যয়ী কমিউনিটি প্রাঃ বিদ্যালয়
বেগমগঞ্জ, নোয়াখালী।